৪৪

দৈনিক ইনকিলাব

তারিখ 25 APR 1998
পৃষ্ঠা ১ কলাম ২

● ভূতুড়ে পরিবেশে ভয়ানক আতংক ● ছাত্রদের হল ত্যাগ ● ২৪ ছাত্রদল কর্মী পুলিশ রিমান্ডে
● হলে প্রচুর বহিরাগত অস্ত্রধারী ● ছাত্রদল ক্যাম্পাসে যায়নি ● পার্থ সমাহিত

# ঢাকা ভার্সিটিতে থমথমে উত্তেজনা ঃ যে কোন মুহূর্তে সংঘর্ষ ঃ এ্যানি-সোহেলের বিরুদ্ধে হত্যা মামলা

*বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ* ঢাকা বিশ্ববিদ্যালয়ে এখন থমথমে উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করছে। অস্বাভাবিক ক্যাম্পাসে সর্বত্র ভয়ংকর, ভূতুড়ে পরিবেশ। সমগ্র বিশ্ববিদ্যালয় এলাকা জুড়ে রয়েছে চরম উত্তেজনা, সবার মাঝে ভয়ানক আতংক। গতকাল (শুক্রবার) ছুটির দিনে ক্যাম্পাসে কোন সংঘর্ষ না ঘটলেও যে কোন মুহূর্তে নতুন করে রক্তক্ষয়ী সংঘর্ষ ও প্রাণহানির আশংকায় সবাই শংকিত। আতংকগ্রস্ত ছাত্ররা বেশীরভাগই হলগুলো ছেড়ে চলে গেছে। ছাত্রদের ক্যাম্পাসে-হলে এখন অবস্থান করছে বহিরাগত অস্ত্রধারী সন্ত্রাসীরা। ঢাকা নগরীর চিহ্নিত খুনী চক্র, দুর্ধর্ষ ক্যাডাররা সরকারী ছাত্র সংগঠন ছাত্রলীগের আশ্রয়ে একদিন আগে ছাত্রলীগের দখল করা হলগুলোতে সশস্ত্র অবস্থান নিয়েছে। ক্যাম্পাস ও আশপাশের এলাকায় আর্মড পুলিশ মোতায়েন করা